



কম্পিউন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালস (সিবিএলএম)

কোয়ালিটি কন্ট্রোল ম্যানেজমেন্ট

লেভেল - ০৪

মডিউল শিরোনাম: গার্মেন্টস এবং গার্মেন্টস কন্সট্রাকশনের
ব্যাখ্যা করা

**Module: Interpreting Garments and Garments
Construction**

মডিউল কোড: CBLM – OU-QCM-02-L4-V1



জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধানমন্ত্রীর কার্যালয়,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কপিরাইট

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ,

প্রধানমন্ত্রীর কার্যালয়।

১১-১২ তলা, বিনিয়োগ ভবন

ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

ইমেইল: ec@nsda.gov.bd

ওয়েবসাইট: www.nstda.gov.bd

ন্যাশনাল স্কিলস পোর্টাল: <http://skillsportal.gov.bd>

এই কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালটির (সিবিএলএম) স্বত্ব জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর নিকট সংরক্ষিত। এনএসডিএ-এর যথাযথ অনুমোদন ব্যতীত অন্য কেউ বা অন্য কোন পক্ষ এ সিবিএলএমটির কোন রকম পরিবর্তন বা পরিমার্জন করতে পারবে না।

“গার্মেন্টস এবং গার্মেন্টস কম্পট্রাকশনের ব্যাখ্যা করা” সিবিএলএমটি এনএসডিএ কর্তৃক অনুমোদিত কোয়ালিটি কন্ট্রোল ম্যানেজমেন্ট লেভেল-৪ অকুপেশনের কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড ও কারিকুলামের ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে। এতে কোয়ালিটি কন্ট্রোল ম্যানেজমেন্ট লেভেল-৪ স্ট্যান্ডার্ডটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তথ্য সন্নিবেশিত হয়েছে।

এ ডকুমেন্টটি সংশ্লিষ্ট বিশেষজ্ঞ প্রশিক্ষক দ্বারা এনএসডিএ কর্তৃক প্রণয়ন করা হয়েছে।

এনএসডিএ স্বীকৃত দেশের সকল সরকারি-বেসরকারি-এনজিও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে কোয়ালিটি কন্ট্রোল ম্যানেজমেন্ট লেভেল-৪ কোর্সের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য এ সিবিএলএমটি ব্যবহার করতে পারবে।

----- তারিখে অনুষ্ঠিত কর্তৃপক্ষ----- সভায় অনুমোদিত।

সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা

এই মডিউলে প্রশিক্ষণ উপকরণ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে। এই কার্যক্রমগুলো প্রশিক্ষণার্থীকে সম্পন্ন করতে হবে। এই মডিউল সফলভাবে শেষ করলে আপনি গার্মেন্টস এবং গার্মেন্টস কন্সট্রাকশন সম্পর্কে মৌলিক জ্ঞান অর্জন করতে পারবেন। এ ছাড়াও গার্মেন্টস এর বিভিন্ন কম্পোনেন্টস/পার্টস, গার্মেন্টস মেজারমেন্ট, গার্মেন্টস কন্সট্রাকশন, মেশিন পার্টস, মেশিন ব্যবহার, সীম ও স্টিচ সম্বন্ধে একজন গার্মেন্টস কর্মীর যে প্রয়োজনীয় জ্ঞান ও ইতিবাচক মনোভাব প্রয়োজন তা এই মডিউলে অন্তর্ভুক্ত রয়েছে।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণিকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রম পাশাপাশি সংশ্লিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবে।

শিখন কার্যক্রমের ধারা জানার জন্য "শিখন কার্যক্রম" অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্র, তথ্যপত্র, কার্যক্রম পত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তর পত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্য শিখন কার্যক্রম অংশটি দেখতে হবে। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করে।

তথ্যপত্রটি পড়ুন এতে কার্যক্রম সম্পর্কে সঠিক ধারণা এবং সুনির্দিষ্টভাবে কাজ করার ধারণা পাওয়া যাবে। তথ্যপত্রটি পড়া শেষ করে সেলফ চেক শিট এ উল্লেখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে সেলফ চেক শিট সমাপ্ত করুন। সেলফ চেক শিটে দেয়া প্রশ্নগুলোর উত্তর সঠিক হয়েছে কি না তা জানার জন্য উত্তরপত্র দেখুন।

জব শিটে নির্দেশিতধাপ অনুসরণ করে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই আপনি নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন।

এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোন প্রশ্ন থাকলে ফ্যাসিলিটেটরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করে নিশ্চিত হবেন যে, আপনি পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কিনা তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মান এর একটি চেকলিস্ট দেয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য।

সূচিপত্র

কপিরাইট.....	i
সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা.....	v
মডিউল কন্টেন্ট.....	১
শিখনফল (Learning Outcome) -১. গার্মেন্টসের প্রকারভেদ, বিভিন্ন পার্টস এবং পয়েন্টসমূহ শনাক্ত করতে পারবেন।..	২
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -১. গার্মেন্টসের প্রকারভেদ, বিভিন্ন পার্টস এবং পয়েন্টসমূহ শনাক্ত করতে পারবেন।.....	৩
ইনফরমেশন শিট (Information Sheet)- ১ গার্মেন্টসের প্রকারভেদ, বিভিন্ন পার্টস ও পয়েন্টসমূহ শনাক্ত করতে পারা.....	৪
সেলফ চেক -১: গার্মেন্টসের প্রকারভেদ, বিভিন্ন পার্টস ও পয়েন্টসমূহ শনাক্ত করতে পারা.....	১৩
উত্তরপত্র-১ :গার্মেন্টসের প্রকারভেদ, বিভিন্ন পার্টস ও পয়েন্টসমূহ শনাক্ত করতে পারা.....	১৫
জবশিট-১.১: প্রোডাকশন টেকনিক অনুযায়ী গার্মেন্টস শনাক্ত করা.....	১৭
স্পেশিফিকেশন শিট-১.১ প্রোডাকশন টেকনিক অনুযায়ী গার্মেন্টস শনাক্ত করা.....	১৮
জবশিট-১.২ গার্মেন্টস পার্টস ও পয়েন্টসমূহ শনাক্ত করা.....	১৯
স্পেশিফিকেশন শিট-১.২ গার্মেন্টস পার্টস ও পয়েন্টসমূহ শনাক্ত করা.....	২০
জবশিট-১.৩ গার্মেন্টস মেজারমেন্ট গ্রহণ করা.....	২১
অ্যাক্টিভিটি : ১.৩.২- শার্টের বডির মেজারমেন্ট নেয়া.....	২২
স্পেশিফিকেশন শিট- ১.৩ গার্মেন্টস মেজারমেন্ট গ্রহণ করা.....	২৩
শিখনফল (Learning Outcome) -২: গার্মেন্টসের অপারেশন ব্রেকডাউন ব্যাখ্যা করতে পারবেন।.....	২৪
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)-২. গার্মেন্টসের অপারেশন ব্রেকডাউন ব্যাখ্যা করতে পারবেন।.....	২৫
ইনফরমেশন শিট (Information Sheet)- ২ গার্মেন্টসের অপারেশন ব্রেকডাউন ব্যাখ্যা করতে পারা.....	২৬
সেলফ চেক-২:গার্মেন্টসের অপারেশন ব্রেকডাউন ব্যাখ্যা করতে পারা.....	৩১
উত্তরপত্র-২: গার্মেন্টসের অপারেশন ব্রেকডাউন ব্যাখ্যা করতে পারা.....	৩২
জবশিট-২.১ গার্মেন্টসের মূল অংশগুলো শনাক্ত করা.....	৩৩
স্পেশিফিকেশন শিট-২.১ গার্মেন্টসের মূল অংশগুলো শনাক্ত করা.....	৩৪
জবশিট-২.২ অপারেশন ব্রেকডাউন করা.....	৩৫
স্পেশিফিকেশন শিট-২.২ অপারেশন ব্রেকডাউন করা.....	৩৬
জবশিট-২.৩ অ্যাসেম্বলিং পার্ট এর অপারেশন ব্রেকডাউন করা.....	৩৭
স্পেশিফিকেশন শিট- ২.৩ অ্যাসেম্বলিং পার্ট এর অপারেশন ব্রেকডাউন করা.....	৩৮
শিখনফল (Learning Outcome) -৩. সুইং মেশিন এবং স্টিচ ব্যাখ্যা করতে পারবেন।.....	৩৯
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -৩. সুইং মেশিন এবং স্টিচ ব্যাখ্যা করতে পারবেন।.....	৪০
ইনফরমেশন শিট (Information Sheet)- ৩. সুইং মেশিন এবং স্টিচ ব্যাখ্যা করতে পারা.....	৪১
সেলফ চেক – ৩: সুইং মেশিন এবং স্টিচ ব্যাখ্যা করা.....	৪৯
উত্তরপত্র ৩: সুইং মেশিন এবং স্টিচ ব্যাখ্যা করা.....	৫০
জবশিট-৩.১ সুইং মেশিনের প্রকারভেদ শনাক্ত করা.....	৫২

স্পেশিফিকেশন শিট- ৩.১ সুইং মেশিনের প্রকারভেদ শনাক্ত করা	৫৩
জবশিট-৩.২ প্রোডাক্ট অনুযায়ী সুইং মেশিনের তালিকা করা.....	৫৪
স্পেশিফিকেশন শিট- ৩.২ প্রোডাক্ট অনুযায়ী সুইং মেশিনের তালিকা করা.....	৫৫
জবশিট-৩.৩ স্টিচের প্রকারভেদ শনাক্ত করা.....	৫৬
অ্যাক্টিভিটি : ৩.৩.২ সীম শনাক্ত করণ	৫৭
স্পেশিফিকেশন শিট- ৩.৩ স্টিচের প্রকারভেদ শনাক্ত করা.....	৫৮
দক্ষতা পর্যালোচনা (Review of competency)	৫৯

মডিউল কন্টেন্ট

ইউ ও সি শিরোনাম	গার্মেন্টস এবং গার্মেন্টস কম্পট্রাকশনের ব্যাখ্যা করুন
ইউ ও সি কোড	OU-QCM-02-L4-V1
মডিউল শিরোনাম	গার্মেন্টস এবং গার্মেন্টস কম্পট্রাকশনের ব্যাখ্যা করা
মডিউলের বর্ণনা	এই মডিউলটিতে গার্মেন্টস (Garments)এবং গার্মেন্টস কনস্ট্রাকশন ব্যাখ্যা করার জন্য প্রয়োজনীয় দক্ষতা, ও আচরণ (কেএসএ) সম্পর্ক অবহিত করা হয়েছে। এতে নির্দিষ্টভাবে গার্মেন্টস এর প্রকার ভেদ, বিভিন্ন অংশ, মাপ, সূচকের শনাক্তকরণ এবং গার্মেন্টস অপারেশন ব্রেকডাউন, সুইং মেশিন এবং স্টিচের ব্যাখ্যা অন্তর্ভুক্ত করা হয়েছে।
নমিনাল সময়	৩০ ঘন্টা
শিখনফল	এই মডিউলটি সম্পন্ন করার পর প্রশিক্ষার্থীরা নিম্ন বর্ণিত কাজ গুলো করতে পারবেন। ১. গার্মেন্টসের প্রকারভেদ, বিভিন্ন পার্টস এবং পয়েন্টসমূহ শনাক্ত করতে পারবেন। ২. গার্মেন্টসের অপারেশন ব্রেকডাউন ব্যাখ্যা করতে পারবেন। ৩. সুইং মেশিন এবং স্টিচ ব্যাখ্যা করতে পারবেন।

অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া (Assessment criteria):

১. প্রোডাকশন টেকনিক অনুযায়ী বিভিন্ন ধরনের গার্মেন্টস শনাক্ত করা হয়েছে
২. স্যাম্পল অনুযায়ী গার্মেন্টসের পার্টস ও পয়েন্টসমূহ শনাক্ত করা হয়েছে
৩. গার্মেন্টস মেজারমেন্ট পদ্ধতিগুলো বর্ণনা করা হয়েছে
৪. স্যাম্পল অনুযায়ী গার্মেন্টসের মূল অংশ শনাক্ত করা হয়েছে
৫. স্যাম্পল অনুসারে গার্মেন্টস অপারেশন ব্রেকডাউন ব্যাখ্যা করা হয়েছে
৬. স্যাম্পল অনুযায়ী অ্যাসেসমেন্ট পার্টগুলোর তালিকা প্রস্তুত করা হয়েছে
৭. সুইং মেশিনের প্রকারভেদ শনাক্ত করা হয়েছে
৮. সুইং মেশিনের ব্যবহার বর্ণনা করা হয়েছে
৯. প্রোডাক্ট অনুযায়ী সুইং মেশিনের তালিকা প্রস্তুত করা হয়েছে
১০. স্টিচ এর প্রকারভেদ শনাক্ত করা হয়েছে

শিখনফল (Learning Outcome) -১. গার্মেন্টসের প্রকারভেদ, বিভিন্ন পার্টস এবং পয়েন্টসমূহ শনাক্ত করতে পারবেন।

অ্যাসেসমেন্ট মানদণ্ড	<ol style="list-style-type: none"> ১. প্রোডাকশন টেকনিক অনুযায়ী বিভিন্ন ধরনের গার্মেন্টস শনাক্ত করা হয়েছে ২. স্যাম্পল অনুযায়ী গার্মেন্টসের পার্টস পয়েন্টসমূহ শনাক্ত করা হয়েছে ৩. গার্মেন্টস মেজারমেন্ট পদ্ধতিগুলো বর্ণনা করা হয়েছে
শর্ত ও রিসোর্স	<ol style="list-style-type: none"> ১. সিবিএলএম ২. কনজিউমএবল ম্যাটেরিয়াল ৩. স্যাম্পল/গার্মেন্টস
বিষয়বস্তু	<ol style="list-style-type: none"> ১. প্রোডাকশন টেকনিক ২. গার্মেন্টস শনাক্ত ৩. গার্মেন্টস পার্টস ও পয়েন্টসমূহ ৪. গার্মেন্টস মেজারমেন্ট পদ্ধতি
প্রশিক্ষণ পদ্ধতি	<ol style="list-style-type: none"> ১. প্রেজেন্টেশন ২. লেকচার ৩. ডিসকাশন
অ্যাসেসমেন্ট পদ্ধতি	<p>বাস্তব কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ প্রতিষ্ঠানে এনএসডিএ কর্তৃক সনদপ্রাপ্ত/মনোনিত অ্যাসেসর দ্বারা নিম্নলিখিত পদ্ধতিতে অ্যাসেসমেন্ট সম্পাদিত হবে-</p> <ol style="list-style-type: none"> ১. লিখিত অভিক্ষা(Written Test) ২. প্রদর্শন(Demonstration) ৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning)

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -১. গার্মেন্টসের প্রকারভেদ, বিভিন্ন পার্টস এবং পয়েন্টসমূহ শনাক্ত করতে পারবেন।

এই শিখনফল অর্জনের লক্ষে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রম গুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রম গুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

শিখন কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশ (Resources / Special instructions)
১. প্রশিক্ষার্থীগণ কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে।	১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের গার্মেন্টসের প্রকারভেদ, বিভিন্ন পার্টস এবং পয়েন্টসমূহ শনাক্ত করতে পারা শেখার উপকরণ প্রদান করবেন।
২. ইনফরমেশন শিট পড়তে হবে।	২. ইনফরমেশন শিট-১: প্রোডাকশন টেকনিক অনুযায়ী বিভিন্ন ধরনের গার্মেন্টস শনাক্ত করা হয়েছে।
৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেলফ চেক শিট-১ এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র-১ এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন।
৪. জব / টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন।	৪. নিম্নোক্ত জব / টাস্ক শিট অনুযায়ী জব / টাস্ক সম্পাদন করুন। জব শিট ১.১ : প্রোডাকশন টেকনিক এবং গার্মেন্টস শনাক্ত করুন জব শিট ১.২ : গার্মেন্টস পার্টস এর পয়েন্টসমূহ শনাক্ত করুন জব শিট ১.৩ : গার্মেন্টস মেজারমেন্ট পদ্ধতি অনুযায়ী মেজারমেন্ট নিন এবং লিখুন

ইনফরমেশন শিট (Information Sheet)- ১ গার্মেন্টসের প্রকারভেদ, বিভিন্ন পার্টস ও পয়েন্টসমূহ শনাক্ত করতে পারা

শিখন উদ্দেশ্য (Learning Outcome) : এই ইনফরমেশন শিট পড়ে শিক্ষার্থীগণ-

- ১.১ প্রোডাকশন টেকনিক বর্ণনা করতে পারবে।
- ১.২ গার্মেন্টস শনাক্ত করতে পারবে।
- ১.৩ গার্মেন্টসের পার্টস ও পয়েন্টসমূহ শনাক্ত করতে পারবে।
- ১.৪ গার্মেন্টস মেজারমেন্ট পদ্ধতিগুলো বর্ণনা করতে পারবে।

১.১ প্রোডাকশন টেকনিক


আমাদের দেশে বর্তমানে পদ্ধতিগত ভাবে সাধারণত তিন ধরনের গার্মেন্টস ইন্ডাস্ট্রি রয়েছে যেমন-


ওভেন গার্মেন্টস ইন্ডাস্ট্রি (Woven Garments Industry): ওভেন কাপড় দিয়ে যে পোশাক তৈরি করা হয় তাকে ওভেন গার্মেন্টস বলে এবং এ ওভেন গার্মেন্টস যে কারখানায় তৈরি করা হয় তাকে ওভেন গার্মেন্টস ইন্ডাস্ট্রি বলে।

নিট গার্মেন্টস ইন্ডাস্ট্রি (Knit Garments Industry): নিট কাপড় দিয়ে যে পোশাক তৈরি করা হয় তাকে নিট গার্মেন্টস বলে এবং এ নিট গার্মেন্টস যে কারখানায় তৈরি করা হয় তাকে নিট গার্মেন্টস ইন্ডাস্ট্রি বলে।

ফুল্লি ফ্যাশন গার্মেন্টস/সোয়েটার ইন্ডাস্ট্রি (Fully Fashion/Sweater garments Industry): যে গার্মেন্টস কাপড় ব্যতীত শুধু মাত্র সুতা দ্বারা বুননের মাধ্যমে গার্মেন্টস/পোশাকে রূপান্তরিত করা হয় তাকে ফুল্লি ফ্যাশন গার্মেন্টস/সোয়েটার বলে এবং এ ফুল্লি ফ্যাশন গার্মেন্টস/সোয়েটার যে কারখানায় তৈরি করা হয় তাকে ফুল্লি ফ্যাশন গার্মেন্টস/সোয়েটার ইন্ডাস্ট্রি বলে।

গার্মেন্টস ইন্ডাস্ট্রিতে একই ধরনের প্রোডাকশন টেকনিক/প্রসিডিউর মেইনটেন করা হয়ে থাকে। যেমন-





প্রোডাকশন টেকনিক (Production Technique):

একটি অর্ডার পাওয়া, উপকরণের সোর্সিং, কাপড় কাটা, শার্টের অংশ সেলাই করা, ফিনিশিং এবং প্যাক করা এবং অর্ডার পাঠানোর কাজের ধারাবাহিকতা পদ্ধতিই হলো প্রোডাকশন টেকনিক। কাটা এবং সেলাই (Cut and sew) কাটা এবং সেলাই পোশাক তৈরি করা হয়। ফেব্রিকের পৃথক টুকরা কেটে এবং তারপরে সেলাই করে সমাপ্ত পণ্য তৈরি করতে। ফ্যাব্রিক প্রতিটি টুকরা নির্দিষ্ট মাত্রা কাটা এবং তারপর একটি অনন্য উপায়ে একসঙ্গে সেলাই করা যেতে পারে। সুই দিয়ে সুতো দিয়ে কাপড়ের টুকরোগুলোকে একত্রিত করে পোশাক তৈরি করা হয়। কাট-এন্ড-সিউ হল একটি ফেব্রিক-ভিত্তিক পণ্য যা একটি প্যাটার্ন দিয়ে তৈরি এবং কাপড় ফোম এবং নিট সহ বিভিন্ন ধরনের টেক্সটাইল থেকে একত্রিত হয়। ফুল্লি ফ্যাশনড (Fully fashioned) সম্পূর্ণ ফ্যাশনের পোশাকগুলি পৃথকভাবে বোনা প্যাটার্নের টুকরো দিয়ে তৈরি করা হয় যা পরে একসাথে সেলাই করা হয়। একটি বুনন মেশিন প্রতিটি প্যাটার্নের টুকরোকে একত্রে সেলাই করার আগে আকারে বুনন করে এবং যেহেতু প্রতিটি প্যাটার্ন অংশটি মূলত বুননের একটি সমাপ্ত অংশ, তাই সেলাই করা সিমগুলি আরও পরিষ্কার এবং কম ভারী হয়।

টেকনিক্যাল স্পেসিফিকেশন (Technical Specification):

টেকনিক্যাল স্পেসিফিকেশন হল এক ধরনের নথি যা প্রয়োজনীয় কার্যকারিতা, কর্মক্ষমতা, গুণমান এবং পণ্য বা পরিষেবার অন্যান্য প্রয়োজনীয়তার রূপরেখা দেয়। সম্ভাব্য চুক্তির জন্য কোন সরবরাহকারীকে বিবেচনা করা উচিত তা নির্ধারণ করতে তারা সংগ্রহকারী কর্মকর্তাদের সাহায্য করতে ব্যবহার করা যেতে পারে। মেজারিং চার্ট (Measuring chart) পরিমাপ চার্টটি একটি সিস্টেম থেকে অন্য সিস্টেমে রূপান্তর করার রেফারেন্স সহায়তা। হরিজেন্টাল মেজারমেন্ট (Horizontal measurement) অনুভূমিক পরিমাপ চিত্রের বাম থেকে ডানে নেওয়া কে হরিজেন্টাল মেজারমেন্ট বলে। যেমন- বাম কাঁধের ডগা থেকে ডান কাঁধের ডগা পর্যন্ত পরিমাপ। ভার্টিক্যাল মেজারমেন্ট (Vertical measurement) শরীরের উল্লম্ব পরিমাপ গ্রহণের সময় শীর্ষ

থেকে তার বেস পর্যন্ত যে মাপ নেওয়া হয় তাকে ভার্টিক্যাল মেজারমেন্ট বলে। যেমন- পিছনের কাঁধের কেন্দ্র থেকে কাঁধের ব্লেডের উপরে কোমররেখার স্তর পর্যন্ত পরিমাপ।




১.২ গার্মেন্টস শনাক্ত করণ

গার্মেন্ট বা পোশাক বলতে আমরা বুঝি, মানুষ যা পরিধান করে লজ্জা নিবারণ করে এবং আকর্ষণীয় করে নিজেকে সমাজে উপস্থাপন করে। এক কথায় সেলাই করা ও মানুষের পরিধানযোগ্য বস্তুকেই গার্মেন্ট বা পোশাক বলে। পোশাক মানুষকে রোদ, বৃষ্টি ও শীত থেকে যেমন রক্ষা করে তেমনি নিজেকে স্বকীয়তায় বাস্তব মর্যাদায় উপস্থাপনার এক মননশীল ও সাবলীল উপমাও বটে।

সভ্য জগতে বসবাস করার জন্য যে পাঁচটি মৌলিক চাহিদার প্রয়োজন রয়েছে তার মধ্যে পোশাক একটি। এ পোশাকের ধরন, স্থান, কাল ও পাত্রভেদে পরিবর্তন হয়। আমাদের সমাজে সাধারণত পুরুষেরা শার্ট, প্যান্ট, পাঞ্জাবি, টি-শার্ট, পলশার্ট, মেয়েরা সালোয়ার, কামিজ, ফ্রক, ব্লাউজ, স্কার্ট ইত্যাদি পোশাক ব্যবহার করে থাকে। এ সকল পোশাক যেমন এক নয় তেমনি পোশাক তৈরির পদ্ধতিও এক নয়।




আমাদের দেশে বর্তমানে পদ্ধতিগত ভাবে সাধারণত তিন ধরনের গার্মেন্ট বা পোশাক তৈরি হয়ে থাকে যেমন-

ক্রমিক নং	পোশাকের নাম ও বর্ণনা	চিত্র
ক	ওভেন গার্মেন্টস: ওভেন গার্মেন্টস সমন্ধে জানতে হলে আগে জানতে হবে ওভেন ফেব্রিক সমন্ধে। গার্মেন্টস বা যে কোন বস্তু তৈরি করতে হলে প্রয়োজন হয় দুই ধরনের কাঁচামাল, তার একটি হল প্রধান কাঁচামাল এবং অপরটি হল আনুষাঙ্গিক কাঁচামাল। প্রধান কাঁচামাল হল ফেব্রিক/কাপড়, যে কাপড় টানা(Warp) ও পড়েন (Weft) সুতার দ্বারা ইন্টারলেছিং (Interlacing) পদ্ধতিতে বুননের মাধ্যমে তৈরি করা হয় তাকে ওভেন ফেব্রিক বলে। এ ওভেন ফেব্রিক দ্বারা যে গার্মেন্টস/পোশাক তৈরি করা হয় তাকে ওভেন গার্মেন্টস বলে।	
খ	নিট গার্মেন্টস: নিট গার্মেন্টস সমন্ধে জানতে হলে আগে জানতে হবে নিট ফেব্রিক সমন্ধে। নিট গার্মেন্টস এর ও নাম করন করা হয়েছে প্রধান কাঁচামাল এর নাম অনুসারে। যে কাপড় শুধুমাত্র টানা(Warp) সুতার দ্বারা ইন্ট্রালুপিং (Intralooing) পদ্ধতিতে বুননের মাধ্যমে তৈরি করা হয় তাকে নিট কাপড় বলে। এ নিট ফেব্রিক দ্বারা যে গার্মেন্টস/পোশাক তৈরি করা হয় তাকে নিট গার্মেন্টস বলে।	
গ	ফুল্লি ফ্যাশন গার্মেন্টস/সোয়েটার: এ গার্মেন্টসগুলো ও নিট গার্মেন্টস। এ গার্মেন্টস/পোশাক তৈরি করতে কোন ধরনের কাপড়ের প্রয়োজন হয় না। এ ক্ষেত্রে সুতাকেই প্রধান কাঁচামাল হিসাবে গন্য করা হয়েছে। শুধুমাত্র সুতার দ্বারা বুননের মাধ্যমে কাপড় ব্যতীত পোশাকে রুপান্তরিত করা হয় বলে একে ফুল্লি ফ্যাশন গার্মেন্টস/পোশাক বলে।	

১.৩ গার্মেন্টসের পার্টস ও পয়েন্টসমূহ

একাধিক অংশের সমন্বয়ে গঠিত হয় একটি পূর্নাঙ্গ বস্তু, যেমন কতকগুলো স্কিল এর সমন্বয়ে তৈরি হয় একটি অপারেশন, কতকগুলো অপারেশন এর সমন্বয়ে তৈরি হয় একটি কম্পোনেন্ট এবং কতকগুলো কম্পোনেন্টস এর সমন্বয়ে তৈরি হয় একটি গার্মেন্ট/পোশাক। তাই পোশাক সমন্ধে জানতে হলে আগে জানতে হবে পোশাকের অংশগুলো সমন্ধে। নিম্নে একটি পোশাকের চিত্র অংকন করে বিভিন্ন অংশ চিহ্নিত করা হল-



এ ছাড়া অনেক অংশেরই আবার শ্রেণিবিন্যাস রয়েছে যেমন-

কলার: কলার শার্টের একটি অত্যাবশ্যকীয় অংশ, শার্টের গলাবেষ্টনী করে যে অংশ ব্যবহার করা হয় তাকে কলার বলে। কলার একটি শার্টের অধিকাংশ সৌন্দর্য বৃদ্ধি করে। কলার প্রধানত দুই প্রকার। যেমন-

ব্যান্ডেড কলার : যে কলারে ব্যান্ড থাকে এবং টাই ব্যবহার করা যায় তাকে ব্যান্ডেড কলার বলে।

স্পোর্টস ওপেন কলার : যে কলারে কোনরূপ ব্যান্ড থাকে না বা যে কলারে টাই ব্যবহার করা যায় না তাকে স্পোর্টস ওপেন কলার বলে।

ব্যান্ডেড কলার আবার দুই প্রকার। যেমন-

ওয়ান পিস ব্যান্ডেড কলার : এ জাতীয় কলারে ব্যান্ড ও কলার আলাদা আলাদা ভাবে কাটা হয় না। এক টুকরা কাপড়ে ব্যান্ড ও কলার আকৃতিতে একই সাথে এক পিস হিসেবে কাটা হয়ে থাকে।

টপ পিসেস ব্যান্ডেড কলার : এ জাতীয় কলারে ব্যান্ড ও কলার আলাদা আলাদা ভাবে কাটা হয়ে থাকে।

পরবর্তীতে সেলাইয়ের মাধ্যমে জোড়া দিয়ে সংযুক্ত করে পূর্ণাঙ্গ কলারে রূপ দেয়া হয়। এ জাতীয় কলার নিয়মিত কলার হিসেবে পরিচিত।


ব্যান্ডেড কলার	স্পোর্টস ওপেন কলার	ওয়ান পিস ব্যান্ডেড কলার	টপ পিসেস ব্যান্ডেড কলার

সোল্ডার ড্রপ : শরীরের উপরের অংশের কোন পোশাক ভূমিতে সমান্তরাল ভাবে ফেললে পোশাকের ব্যাক পার্ট অথবা ইয়ক এর যে অংশটুকু সামনে ভেঙে আসে তাকে সোল্ডার ড্রপ বলে।

লুপ : পোশাকের কোন কোন অংশে বেল্ট ব্যবহারের জন্য এবং বেল্টকে আটকিয়ে রাখার জন্য কাপড় দ্বারা সেলাইয়ের মাধ্যমে যে অংশ তৈরি করা হয় তাকে লুপ বলে।

কলার পয়েন্ট : কলারের দুই পাশে চোকা/পয়েন্ট আকৃতির যে দুটি অংশ থাকে তাকে কলার পয়েন্ট বলে।
কলার পয়েন্ট

কাফ : শার্টের হাতার সর্বনিম্ন প্রান্তে কবজী বেঁটনী করে যে অংশ ব্যবহার করা হয় তাকে কাফ বলে। কাফ সাধারণত চার প্রকার। যেমন- (১) স্কোয়ার কাফ (২) রাউন্ড কাফ (৩) নচ/হেক্সাগন কাফ (৪) পয়েন্ট কাফ ।




পকেট : পকেট পোশাকের একটি অংশ যা টাকা, পয়সা, কাগজ, কলম, পেন্সিল ইত্যাদি রাখার জন্য সেলাইয়ের মাধ্যমে যে খলে তৈরি করা হয় তাকে পকেট বলে। পকেট প্রধানত দুই প্রকার যেমন-(১) ওয়েল্ট পকেট (২) প্যাচ পকেট ।

ওয়েল্ট পকেট : যে পকেটের খলে বাইরে থেকে দেখা না যায় তাকে ওয়েল্ট পকেট বলে। এ ওয়েল্ট পকেট আবার দুই পদ্ধতিতে তৈরি করা হয় যেমন- (১) সিঙ্গেল বন্ড ওয়েল্ট পকেট (২) ডাবল বন্ড ওয়েল্ট পকেট ।

প্যাচ পকেট : প্যাচ পকেট চার প্রকার যেমন- (১) পয়েন্ট পকেট (২) রাউন্ড পকেট (৩) নচ/ হেক্সাগন পকেট (৪) স্কোয়ার পকেট।

ব্যাক রাইজ : এটি প্যান্টের পেছনের অংশের একটি স্থান। পেছনের অংশের ডান ও বাম অংশের সংযোগস্থল। ক্রচ পয়েন্ট হতে সেন্টার ব্যাক ওয়েল্ট লাইন পর্যন্ত দূরত্বকে ব্যাক রাইজ বলে।



ফ্রন্ট রাইজ : এটি প্যান্টের সামনের অংশের একটি স্থান। সামনের অংশের ডান ও বাম অংশের সংযোগস্থল। ক্রচ পয়েন্ট হতে সেন্টার ফ্রন্ট ওয়েল্ট লাইন পর্যন্ত দূরত্বকে ফ্রন্ট রাইজ বলে।



ডাট : পোশাকের যে সকল স্থানে মানবদেহের সাথে সামঞ্জস্য বজায় রেখে ফিটিংস এর প্রয়োজন হয় সে সকল স্থানে সেলাইয়ের মাধ্যমে কাপড়কে সংকুচিত করে যে কাঙ্ক্ষিত আকৃতি দেয়া হয় তাকে ডাট বলে। ডাট সাধারণত দুই ধরনের হয় যেমন- (১) সেপ/ক্রোসড ডাট (২) কনসিল ডাট।

প্লিট : পোশাকের যে সকল স্থানে কাপড় সম্প্রসারিত করার প্রয়োজন হয় সেইসব স্থানে কাপড় ভাঁজ করে প্লিটের সৃষ্টি করা হয়। এ প্লিট আবার ডাবল ভাঁজের মাধ্যমে তৈরি করা হয় যাকে বক্স প্লিট বলে।

বটম : পোশাকের সর্বনিম্ন প্রান্তকে বটম বলে। পোশাকের বটম বিভিন্ন আকৃতির হলেও মূলত এর আকারকে তিন ভাগে ভাগ করা হয় যেমন-(১) স্ট্রেইট বটম (২) রাউন্ড বটম (৩) টেইল বটম।





প্যান্টের বিভিন্ন অংশ

১.৪ গার্মেন্টস মেজারমেন্ট পদ্ধতি

মেজারমেন্ট পদ্ধতি সাধারণত দুই ধরনের হয়ে থাকে (১) বডি মেজারমেন্ট (২) গার্মেন্টস মেজারমেন্ট উভয় মেজারমেন্ট পদ্ধতি থেকে দুই ধরনের মেজারমেন্ট পাওয়া যায়। যেমন-হরিজ্যান্টল ও ভার্টিক্যাল নিম্নে একটি গার্মেন্ট মেজারমেন্ট পদ্ধতি দেখানো হল-

- **নেক সাইজ (Neck Size):** কলার ব্যান্ডের বাটনের সেন্টার পয়েন্ট হতে কলার ব্যান্ডের বাটন হালের সেন্টার পয়েন্ট পর্যন্ত দূরত্বের মাপকে নেক সাইজ বলে।
- **ব্যান্ড উইথ (Band width) :** কলার ব্যান্ডের মাঝামাঝি অংশের চওড়ার মাপকে ব্যান্ড উইথ বলে।
- **কলার উইথ (Collar width) :** কলার এর মাঝামাঝি অংশের চওড়ার মাপকে কলার উইথ বলে।
- **কলার স্প্রেড (Collar spread) :** একটি শার্ট ফোল্ডিং করার পর দুই কলার পয়েন্টের দূরত্বকে কলার স্প্রেড বলে।
- **কলার পয়েন্ট (Collar point) :** কলার তৈরি করার পর দুই পাশে যে চোকা অংশ থাকে তাকে কলার পয়েন্ট বলে।
- **লংস্লিভ লেঙ্গ (Long sleeve length) :** লংস্লিভের মাপ সাধারণত দুইভাবে নেয়া হয় একটি কলার ব্যান্ডের পেছনের সেন্টার পয়েন্ট হতে কাফের শেষ প্রান্ত পর্যন্ত অংশের দূরত্ব হল লংস্লিভ লেঙ্গ, অপরটি উপরের আর্মহোল পয়েন্ট হতে কাফের শেষ প্রান্ত পর্যন্ত অংশের দূরত্ব হল লংস্লিভ লেঙ্গ।
- **সর্টস্লিভ লেঙ্গ (Short sleeve length):** সর্টস্লিভের মাপ সাধারণত দুইভাবে নেয়া হয় একটি কলার ব্যান্ডের পেছনের সেন্টার পয়েন্ট হতে স্লিভের শেষ প্রান্ত পর্যন্ত অংশের দূরত্ব হল সর্টস্লিভ লেঙ্গ, অপরটি উপরের আর্মহোল পয়েন্ট হতে স্লিভের শেষ প্রান্ত পর্যন্ত অংশের দূরত্ব হল সর্টস্লিভ লেঙ্গ।
- **স্লিভ ওপেনিং (Sleeve opening) :** সর্ট স্লিভের সর্বনিম্ন অংশের চওড়ার মাপকে স্লিভ ওপেনিং বলে।
- **কাফ লেঙ্গ (Cuff length) :** কাফের বাটন লাগানোর পর যে লম্বার মাপ থাকে তাকে অথবা এজ টু এজ যে লম্বার মাপ থাকে তাকে কাফ লেঙ্গ বলে।
- **কাফ উইথ (Cuff width) :** কাফের চওড়া বা প্রস্থের দিক হল কাফ উইথ।
- **আর্মহোল (Armhole) :** বডির অংশের সাথে স্লিভের অংশ যে স্থানে সেলাইয়ে মাধ্যমে সংযুক্ত করা সেই স্থানকে আর্মহোল বলে।
- **আপার আর্ম (Upper arm) :** আর্মপিট / ক্রচ পয়েন্টের নিচে থেকে স্কোয়ার যে স্থানের মাপ নেয়া হয় সেই স্থানকে আপার আর্ম বলে।
- **এলবো (Elbow) :** লংস্লিভের মাঝামাঝি অংশের চওড়ার মাপকে এলবো বলে।
- **অ্যাক্রস চেস্ট (Across chest) :** আর্মহোল লাইন ও সেন্টার ফ্রন্ট লাইনের মাঝামাঝি স্থানের (সবচেয়ে সরু) স্থানের এ পাশ থেকে ও পাশের দূরত্বকে অ্যাক্রস চেস্ট বলে।
- **চেস্ট (Chest) :** আর্মপিট / ক্রচ পয়েন্টের নিচে এ পাশ থেকে ও পাশের দূরত্বকে চেস্ট বলে।
- **ওয়েষ্ট (Waist) :** কোমরের অংশের এ পাশ থেকে ও পাশের দূরত্বকে ওয়েস্ট বলে।
- **হিপ (Hip) :** হিপের অংশের এ পাশ থেকে ও পাশের দূরত্বকে হিপ বলে।
- **ফ্রন্ট লেঙ্গ (Front length):** এইচপিএস হতে বটমের শেষ প্রান্ত পর্যন্ত মাপকে ফ্রন্ট লেঙ্গ বলে।
- **অ্যাক্রস সোল্ডার (Across shoulder) :** আউটার সোল্ডার পয়েন্ট হতে অন্য প্রান্তের আউটার সোল্ডার পর্যন্ত দূরত্বের মাপকে অ্যাক্রস সোল্ডার বলে।
- **অ্যাক্রস ব্যাক (Across back) :** আর্মহোল লাইন ও সেন্টার ব্যাক লাইনের মাঝামাঝি স্থানের (সবচেয়ে সরু) স্থানের এ পাশ থেকে ও পাশের দূরত্বকে অ্যাক্রস ব্যাক বলে।
- **ইয়ক লেঙ্গ (Yoke length) :** ইয়ক লাইনের এক প্রান্ত অপর প্রান্ত পর্যন্ত দূরত্বের মাপকে ইয়ক লেঙ্গ বলে।

- **ব্যাক লেঙ্গ্থ (Back length)** : নেক পয়েন্ট হতে বটমের শেষ প্রান্ত পর্যন্ত মাপকে ব্যাক লেঙ্গ্থ বলে।
- **সাইড সীম (Side seam)** : আর্মপিট / ক্রচ পয়েন্ট হতে সাইড লাইনের বটম পর্যন্ত অংশের দূরত্বকে সাইড সীম বলে।
- **কলার হাইট (Collar height)** : কলার ফোল্ডিং করার পর পেছনের মাঝামাঝি অংশের উচ্চতাকে কলার হাইট বলে।



সেলফ চেক -১: গার্মেন্টসের প্রকারভেদ, বিভিন্ন পার্টস ও পয়েন্টসমূহ শনাক্ত করতে পারা

১. আমাদের দেশে বর্তমানে কত ধরনের গার্মেন্টস ইন্ডাস্ট্রি রয়েছে ও কীকী?
উত্তর :
২. ওভেন গার্মেন্টসে ইন্ডাস্ট্রি কাকে বলে?
উত্তর :
৩. নিট গার্মেন্টস ইন্ডাস্ট্রি কাকে বলে?
উত্তর :
৪. ফুল্লি ফ্যাশন গার্মেন্টস/সোয়েটার গার্মেন্টস ইন্ডাস্ট্রি কাকে বলে?
উত্তর :
৫. গার্মেন্ট বা পোশাক কাকে বলে?
উত্তর :
৬. পুরুষের পাঁচটি পোশাকের নাম লিখুন।
উত্তর :
৭. মেয়েদের পাঁচটি পোশাকের নাম লিখুন।
উত্তর :
৮. ওভেন গার্মেন্টস কাকে বলে?
উত্তর :
৯. নিট গার্মেন্টস কাকে বলে?
উত্তর :
১০. ফুল্লি ফ্যাশন গার্মেন্টস/সোয়েটার গার্মেন্টস কাকে বলে?
উত্তর :
১১. ওভেন ফেব্রিক কোন পদ্ধতিতে তৈরি করা হয়?
উত্তর :
১২. নিট ফেব্রিক কোন পদ্ধতিতে তৈরি করা হয়?
উত্তর :
১৩. কলার কাকে বলে? কলার সাধারণত কত প্রকার ও কী কী?
উত্তর :
১৪. কলার সুন্দর ও মজবুত করার জন্য দুই টুকরা কাপড়ের ভেতরে যে বস্তু ব্যবহার করা হয় তার নাম কী?
উত্তর :
১৫. সোল্ডার ড্রপ কাকে বলে?
উত্তর :
১৬. কলার পয়েন্ট কী?
উত্তর :
১৭. কাফ শার্টের কোন অংশে ব্যবহার করা হয়? কাফ কত প্রকার ও কীকী?
উত্তর :
১৮. প্যাচ পকেট কত প্রকার ও কীকী?
উত্তর :
১৯. প্যান্টের কোন অংশকে ব্যাক রাইজ বলে?

উত্তর :

২০. প্যান্টের কোন অংশকে ফ্রন্ট রাইজ বলে?

উত্তর :

২১. প্লিট ও ডার্টের মধ্যে পার্থক্য কী?

উত্তর :

২২. পোশাকের বটম কাকে বলে? শার্টের বটম কত প্রকার ও কীকী?

উত্তর :

২৩. শার্টের কোন অংশের মাপকে অ্যাক্রশ সোল্ডার বলে?

উত্তর :

২৪. স্লিভের মাপ কোথা হতে নেয়া হয় ?

উত্তর :

২৫. আর্মহোলের মাপ কোথা হতে নেয়া হয় ?

উত্তর :

২৬. অ্যাক্রশ ব্যাকের মাপ কোথা হতে নেয়া হয় ?

উত্তর :

২৭. শার্টের কোন স্থানের মাপকে কলার হাইট বলা হয়?

উত্তর :

উত্তরপত্র-১ :গার্মেন্টসের প্রকারভেদ, বিভিন্ন পার্টস ও পয়েন্টসমূহ শনাক্ত করতে পারা

১. আমাদের দেশে বর্তমানে কত ধরনের গার্মেন্টস ইন্ডাস্ট্রি রয়েছে ও কীকী?
উত্তর : আমাদের দেশে বর্তমানে পদ্ধতিগত ভাবে সাধারণত তিন ধরনের গার্মেন্টস ইন্ডাস্ট্রি রয়েছে যেমন-
ক) ওভেন গার্মেন্টস ইন্ডাস্ট্রি খ) নিট গার্মেন্টস ইন্ডাস্ট্রি গ) ফুল্লি ফ্যাশন গার্মেন্টস/সোয়েটার ইন্ডাস্ট্রি
২. ওভেন গার্মেন্টস ইন্ডাস্ট্রি কাকে বলে?
উত্তর : ওভেন গার্মেন্টস যে কারখানায় তৈরি করা হয় তাকে ওভেন গার্মেন্টস ইন্ডাস্ট্রি বলে।
৩. নিট গার্মেন্টস ইন্ডাস্ট্রি কাকে বলে?
উত্তর : নিট গার্মেন্টস যে কারখানায় তৈরি করা হয় তাকে নিট গার্মেন্টস ইন্ডাস্ট্রি বলে।
৪. ফুল্লি ফ্যাশন গার্মেন্টস/সোয়েটার গার্মেন্টস ইন্ডাস্ট্রি কাকে বলে?
উত্তর : ফুল্লি ফ্যাশন গার্মেন্টস/সোয়েটার গার্মেন্টস যে কারখানায় তৈরি করা হয় তাকে ফুল্লি ফ্যাশন গার্মেন্টস/সোয়েটার গার্মেন্টস ইন্ডাস্ট্রি বলে।
৫. গার্মেন্ট বা পোশাক কাকে বলে?
উত্তর : সেলাই করা ও মানুষের পরিধানযোগ্য বস্তুকেই গার্মেন্ট বা পোশাক বলে।
৬. পুরুষের পাঁচটি পোশাকের নাম লিখুন।
উত্তর : শার্ট,প্যান্ট, পাঞ্জাবি, টি-শার্ট, পলশার্ট ইত্যাদি।
৭. মেয়েদের পাঁচটি পোশাকের নাম লিখুন।
উত্তর : সালোয়ার, কামিজ, ফ্রক, ব্লাউজ, স্কার্ট ইত্যাদি।
৮. ওভেন গার্মেন্টস কাকে বলে?
উত্তর : এ ওভেন ফেব্রিক দ্বারা যে গার্মেন্টস/পোশাক তৈরি করা হয় তাকে ওভেন গার্মেন্টস বলে।
৯. নিট গার্মেন্টস কাকে বলে?
উত্তর : নিট ফেব্রিক দ্বারা যে গার্মেন্টস/পোশাক তৈরি করা হয় তাকে নিট গার্মেন্টস বলে।
১০. ফুল্লি ফ্যাশন গার্মেন্টস/সোয়েটার গার্মেন্টস কাকে বলে?
উত্তর : কাপড় ব্যতীত শুধুমাত্র সুতার দ্বারা বুননের মাধ্যমে যে পোশাক তৈরি করা হয় বলে তাকে ফুল্লি ফ্যাশন গার্মেন্টস/পোশাক বলে।
১১. ওভেন ফেব্রিক কোন পদ্ধতিতে তৈরি করা হয়?
উত্তর : ওভেন ফেব্রিক টানা() ও পড়েন () সুতার দ্বারা ইন্টারলেছিং() পদ্ধতিতে বুননের মাধ্যমে তৈরি করা হয়।
১২. নিট ফেব্রিক কোন পদ্ধতিতে তৈরি করা হয়?
উত্তর : নিট ফেব্রিক শুধুমাত্র টানা() সুতার দ্বারা ইন্ট্রালুপিং() পদ্ধতিতে বুননের মাধ্যমে তৈরি করা হয়।
১৩. কলার কাকে বলে? কলার সাধারণত কত প্রকার ও কী কী?
উত্তর : গলাবেষ্টনী করে শার্টের যে অংশ ব্যবহার করা হয় তাকে কলার বলে। কলার প্রধানত দুই প্রকার।
যেমন- ক) ব্যান্ডেড কলার খ) স্পোর্টস ওপেন কলার ।
ব্যান্ডেড কলার আবার দুই প্রকার। যেমন- ক)ওয়ান পিস ব্যান্ডেড কলার খ) টু পিসেস ব্যান্ডেড কলার ।
১৪. কলার সুন্দর ও মজবুত করার জন্য দুই টুকরা কাপড়ের ভেতরে যে বস্তু ব্যবহার করা হয় তার নাম কী?
উত্তর : ইন্টারলাইনিং
১৫. সোল্ডার ড্রপ কাকে বলে?
উত্তর : শরীরের উপরের অংশের কোন পোশাক ভূমিতে সমান্তরাল ভাবে ফেললে পোশাকের ব্যাক পার্ট অথবা ইয়ক এর যে অংশটুকু সামনে ভেঙে আসে তাকে সোল্ডার ড্রপ বলে।
১৬. কলার পয়েন্ট কী?

- উত্তর : কলারের দুই পাশে চোকা/পয়েন্ট আকৃতির যে দুটি অংশ থাকে তাকে কলার পয়েন্ট বলে।
১৭. কাফ শার্টের কোন অংশে ব্যবহার করা হয়? কাফ কত প্রকার ও কীকী?
- উত্তর : কাফ শার্টের হাতার সর্বনিম্ন প্রান্তে কবজী বেষ্টিনী করে ব্যবহার করা হয়। কাফ সাধারণত চার প্রকার।
যেমন- (ক) স্কোয়ার কাফ (খ) রাউন্ড কাফ (গ) নচ/হেক্সাগন কাফ (ঘ) পয়েন্ট কাফ।
১৮. প্যাচ পকেট কত প্রকার ও কীকী?
- উত্তর : প্যাচ পকেট চার প্রকার যেমন- (ক) পয়েন্ট পকেট (খ) রাউন্ড পকেট (গ) নচ/ হেক্সাগন পকেট (ঘ) স্কোয়ার পকেট।
১৯. প্যান্টের কোন অংশকে ব্যাক রাইজ বলে?
- উত্তর : প্যান্টের ক্রচ পয়েন্ট হতে সেন্টার ব্যাক ওয়েস্ট লাইন পর্যন্ত দূরত্বকে ব্যাক রাইজ বলে।
২০. প্যান্টের কোন অংশকে ফ্রন্ট রাইজ বলে?
- উত্তর : প্যান্টের ক্রচ পয়েন্ট হতে সেন্টার ফ্রন্ট ওয়েস্ট লাইন পর্যন্ত দূরত্বকে ফ্রন্ট রাইজ বলে।
২১. প্লিট ও ডার্টের মধ্যে পার্থক্য কী?
- উত্তর : প্লিট হল পোশাকের যে সকল স্থানের কাপড় সম্প্রসারিত করার জন্য ভাঁজ করে কুচি তৈরি করা হয় , আর ডার্ট হল পোশাকের যে সকল স্থানে মানবদেহের সাথে সামঞ্জস্য বজায় রেখে ফিটিং করার জন্য সেলাইয়ের মাধ্যমে কাপড়কে সংকুচিত করে যে কাঙ্ক্ষিত আকৃতি দেয়া হয়।
২২. পোশাকের বটম কাকে বলে? শার্টের বটম কত প্রকার ও কীকী?
- উত্তর : পোশাকের সর্বনিম্ন প্রান্তকে বটম বলে। শার্টের সাধারণত তিন প্রকার যেমন-(ক) স্ট্রেইট বটম (খ) রাউন্ড বটম (গ) টেইল বটম।
২৩. শার্টের কোন অংশের মাপকে অ্যাক্রশ সোল্ডার বলে?
- উত্তর : আউটার সোল্ডার পয়েন্ট হতে অন্য প্রান্তের আউটার সোল্ডার পয়েন্ট পর্যন্ত দূরত্বের মাপকে অ্যাক্রশ সোল্ডার বলে।
২৪. স্লিভের মাপ কোথা হতে নেয়া হয় ?
- উত্তর : স্লিভের মাপ সাধারণত দুইভাবে নেয়া হয় একটি কলার ব্যান্ডের পেছনের সেন্টার পয়েন্ট হতে কাফের শেষ প্রান্ত পর্যন্ত, অপরটি উপরের আর্মহোল পয়েন্ট হতে কাফের শেষ প্রান্ত পর্যন্ত লেখ।
২৫. আর্মহোলের মাপ কোথা হতে নেয়া হয় ?
- উত্তর : বডির অংশের সাথে স্লিভের অংশ যে স্থানে সেলাইয়ে মাধ্যমে সংযুক্ত করা সেই স্থান হতে আর্মহোলের মাপ নেয়া হয়।
২৬. অ্যাক্রশ ব্যাকের মাপ কোথা হতে নেয়া হয় ?
- উত্তর : আর্মহোল লাইন ও সেন্টার ব্যাক লাইনের মাঝামাঝি (সবচেয়ে সরু) স্থানের এ পাশ থেকে ও পাশ পর্যন্ত দূরত্বের মাপ।
২৭. শার্টের কোন স্থানের মাপকে কলার হাইট বলা হয়?
- উত্তর : কলার ফোল্ডিং করার পর পেছনের মাঝামাঝি অংশের উচ্চতাকে কলার হাইট বলে।

জবশিট-১.১: প্রোডাকশন টেকনিক অনুযায়ী গার্মেন্টস শনাক্ত করা

উদ্দেশ্য: এই জব শেষে প্রশিক্ষণার্থীগণ প্রোডাকশন টেকনিক এবং গার্মেন্টস সম্পর্কে বাস্তব জ্ঞান ও দক্ষতা অর্জন করতে পারবে।

কাজের পদ্ধতি :

১. প্রয়োজনীয় পিপিই সংগ্রহ করুন।
২. প্রয়োজনীয় পিপিই পরিধান করুন।
৩. (OSH) অনুসরণ করুন।
৪. প্রয়োজনীয় উপকরণ ও টুলস সংগ্রহ করুন।
৫. ওভেন গার্মেন্টস শনাক্ত করুন।
৬. নিট গার্মেন্টস শনাক্ত করুন।
৭. ফুল্লি ফ্যাশন গার্মেন্টস শনাক্ত করুন।
৮. ওভেন গার্মেন্টস ইন্ডাস্ট্রি শনাক্ত করুন।
৯. নিট গার্মেন্টস ইন্ডাস্ট্রি শনাক্ত করুন।
১০. ফুল্লি ফ্যাশন গার্মেন্টস ইন্ডাস্ট্রি শনাক্ত করুন।
১১. কাজের জায়গা ও যন্ত্রপাতি পরিষ্কার করুন।
১২. কাজ শেষে উপকরণ ও যন্ত্রপাতি গুছিয়ে যথাস্থানে রাখুন।



স্পেশিফিকেশন শিট-১.১ প্রোডাকশন টেকনিক অনুযায়ী গার্মেন্টস শনাক্ত করা

প্রয়োজনীয় পিপিই

ক্রমিক নং	পিপিই এর নাম	স্পেশিফিকেশন	একক	পরিমাণ
১	মাস্ক	প্রয়োজন অনুযায়ী	সংখ্যা	১টি
২	অ্যাপ্রোন	প্রয়োজন অনুযায়ী	সংখ্যা	১টি
৩	স্কার্ফ	প্রয়োজন অনুযায়ী	সংখ্যা	১টি

প্রয়োজনীয় উপকরণ

ক্রমিক নং	উপকরণ এর নাম	স্পেশিফিকেশন	একক	পরিমাণ
১	ওভেন গার্মেন্ট	প্রয়োজন অনুযায়ী	সংখ্যা	১টি
২	নিট গার্মেন্ট	প্রয়োজন অনুযায়ী	সংখ্যা	১টি
৩	ফুল্লি ফ্যাশন গার্মেন্ট (সোয়েটার)	প্রয়োজন অনুযায়ী	সংখ্যা	১টি

প্রয়োজনীয় টুলস ইকুইপমেন্ট


ক্রমিক নং	টুলস ইকুইপমেন্ট এর নাম	স্পেশিফিকেশন	একক	পরিমাণ
১	খাতা	প্রয়োজন অনুযায়ী	সংখ্যা	১টি
২	কলম	প্রয়োজন অনুযায়ী	সংখ্যা	১টি
৩	পেন্সিল	প্রয়োজন অনুযায়ী	সংখ্যা	১টি
৪	ইরেজার/রাবার	প্রয়োজন অনুযায়ী	সংখ্যা	১টি

জবশিট-১.২ গার্মেন্টস পার্টস ও পয়েন্টসমূহ শনাক্ত করা

উদ্দেশ্য: এই জব শেষে প্রশিক্ষণার্থীগণ গার্মেন্টস পার্টস এর পয়েন্টসমূহ সম্পর্কে বাস্তব জ্ঞান ও দক্ষতা অর্জন করতে পারবে।

কাজের ধারা :

১. প্রয়োজনীয় পিপিই সংগ্রহ করুন।
২. প্রয়োজনীয় পিপিই পরিধান করুন।
৩. (OSH) অনুসরণ করুন।
৪. প্রয়োজনীয় উপকরণ ও টুলস সংগ্রহ করুন।
৫. মেইন লেবেল শনাক্ত করুন।
৬. সাবলেবেল শনাক্ত করুন।
৭. সাইজ লেবেল শনাক্ত করুন।
৮. কেয়ার লেবেল শনাক্ত করুন।
৯. কলার শনাক্ত করুন।
১০. কাফ শনাক্ত করুন।
১১. পকেট শনাক্ত করুন।
১২. পকেট ফ্লাপ শনাক্ত করুন।
১৩. স্লিভ শনাক্ত করুন।
১৪. আর্মহোল শনাক্ত করুন।
১৫. স্লিভ প্লাকেট শনাক্ত করুন।
১৬. লোয়ার ফ্রন্ট শনাক্ত করুন।
১৭. আপার ফ্রন্ট শনাক্ত করুন।
১৮. টপসেন্টার শনাক্ত করুন।
১৯. ফ্রন্ট ফেসিং শনাক্ত করুন।
২০. ব্যাক পার্ট শনাক্ত করুন।
২১. বটম শনাক্ত করুন।
২২. ইয়ক শনাক্ত করুন।
২৩. সাইড সীম শনাক্ত করুন।
২৪. কাজের জায়গা ও যন্ত্রপাতি পরিষ্কার করুন।
২৫. কাজ শেষে উপকরণ ও যন্ত্রপাতি গুছিয়ে যথাস্থানে রাখুন।



স্পেশিফিকেশন শিট-১.২ গার্মেন্টস পার্টস ও পয়েন্টসমূহ শনাক্ত করা

প্রয়োজনীয় পিপিই :

ক্রমিক নং	পিপিই এর নাম	স্পেশিফিকেশন	একক	পরিমাণ
১	মাস্ক	প্রয়োজন অনুযায়ী	সংখ্যা	১টি
২	অ্যাপ্রোন	প্রয়োজন অনুযায়ী	সংখ্যা	১টি
৩	স্কার্ফ	প্রয়োজন অনুযায়ী	সংখ্যা	১টি

প্রয়োজনীয় উপকরণ :

ক্রমিক নং	উপকরণ এর নাম	স্পেশিফিকেশন	একক	পরিমাণ
১	স্যাম্পল/গার্মেন্টস	প্রয়োজন অনুযায়ী	সংখ্যা	১টি

প্রয়োজনীয় টুলস ইকুইপমেন্ট সমূহ :

ক্রমিক নং	টুলস ইকুইপমেন্ট এর নাম	স্পেশিফিকেশন	একক	পরিমাণ
১	খাতা	প্রয়োজন অনুযায়ী	সংখ্যা	১টি
২	কলম	প্রয়োজন অনুযায়ী	সংখ্যা	১টি
৩	পেন্সিল	প্রয়োজন অনুযায়ী	সংখ্যা	১টি
৪	ইরেজার/রাবার	প্রয়োজন অনুযায়ী	সংখ্যা	১টি

জবশিট-১.৩ গার্মেন্টস মেজারমেন্ট গ্রহণ করা

উদ্দেশ্য: এই জব শেষে প্রশিক্ষণার্থীগণ গার্মেন্টস মেজারমেন্ট পদ্ধতি সম্পর্কে বাস্তব জ্ঞান ও দক্ষতা অর্জন করতে পারবে।

অ্যাক্টিভিটি : ১.৩.১- কলার ও কাফের মেজারমেন্ট নেয়া


কাজের পদ্ধতি :

১. প্রয়োজনীয় পিপিই সংগ্রহ করুন।
২. প্রয়োজনীয় পিপিই পরিধান করুন।
৩. (OSH) অনুসরণ করুন।
৪. প্রয়োজনীয় উপকরণ ও টুলস সংগ্রহ করুন।
৫. কলার/নেক সাইজ মেজারমেন্ট নিন।
৬. কলার ব্যান্ড উইথ এর মেজারমেন্ট নিন।
৭. কলার উইথ এর মেজারমেন্ট নিন।
৮. কলার স্প্রেড এর মেজারমেন্ট নিন।
৯. কলার পয়েন্ট এর মেজারমেন্ট নিন।
১০. কলার হাইট এর মেজারমেন্ট নিন।
১১. কাফ লেঙ্গ এর মেজারমেন্ট নিন।
১২. কাফ উইথ এর মেজারমেন্ট নিন।
১৩. কাজের জায়গা ও যন্ত্রপাতি পরিষ্কার করুন।
১৪. কাজ শেষে উপকরণ ও যন্ত্রপাতি গুছিয়ে যথাস্থানে রাখুন।

অ্যাক্টিভিটি : ১.৩.২- শার্টের বডির মেজারমেন্ট নেয়া

কাজের পদ্ধতি :

১. প্রয়োজনীয় পিপিই সংগ্রহ করুন।
২. প্রয়োজনীয় পিপিই পরিধান করুন।
৩. (OSH) অনুসরণ করুন।
৪. প্রয়োজনীয় উপকরণ ও টুলস সংগ্রহ করুন।
৫. স্লিভ লেঙ্গ এর মেজারমেন্ট নিন।
৬. স্লিভ ওপেনিং এর মেজারমেন্ট নিন।
৭. আর্মহোল এর মেজারমেন্ট নিন।
৮. আপার আর্ম এর মেজারমেন্ট নিন।
৯. এলবো এর মেজারমেন্ট নিন।
১০. চেস্ট এর মেজারমেন্ট নিন।
১১. ওয়েস্ট এর মেজারমেন্ট নিন।
১২. হিপ এর মেজারমেন্ট নিন।
১৩. অ্যাক্রশ সোল্ডার এর মেজারমেন্ট নিন।
১৪. অ্যাক্রশ ব্যাক এর মেজারমেন্ট নিন।
১৫. ব্যাক লেঙ্গ এর মেজারমেন্ট নিন।
১৬. ফ্রন্ট লেঙ্গ এর মেজারমেন্ট নিন।
১৭. কাজের জায়গা ও যন্ত্রপাতি পরিষ্কার করুন।
১৮. কাজ শেষে উপকরণ ও যন্ত্রপাতি গুছিয়ে যথাস্থানে রাখুন।



স্পেশিফিকেশন শিট- ১.৩ গার্মেন্টস মেজারমেন্ট গ্রহণ করা

প্রয়োজনীয় পিপিই :

ক্রমিক নং	পিপিই এর নাম	স্পেশিফিকেশন	একক	পরিমাণ
১	মাস্ক	প্রয়োজন অনুযায়ী	সংখ্যা	১টি
২	অ্যাপ্রোন	প্রয়োজন অনুযায়ী	সংখ্যা	১টি
৩	স্কার্ফ	প্রয়োজন অনুযায়ী	সংখ্যা	১টি

প্রয়োজনীয় উপকরণ :

ক্রমিক নং	উপকরণ এর নাম	স্পেশিফিকেশন	একক	পরিমাণ
১	গার্মেন্ট কম্পোনেন্টস	প্রয়োজন অনুযায়ী	সেট	১সেট
২	স্যাম্পল/গার্মেন্ট	প্রয়োজন অনুযায়ী	সংখ্যা	১টি

প্রয়োজনীয় টুলস ইকুইপমেন্ট :

ক্রমিক নং	টুলস ইকুইপমেন্ট এর নাম	স্পেশিফিকেশন	একক	পরিমাণ
১	খাতা	প্রয়োজন অনুযায়ী	সংখ্যা	১টি
২	কলম	প্রয়োজন অনুযায়ী	সংখ্যা	১টি
৩	পেন্সিল	প্রয়োজন অনুযায়ী	সংখ্যা	১টি
৪	ইরেজার/রাবার	প্রয়োজন অনুযায়ী	সংখ্যা	১টি
৫	স্কেল	প্রয়োজন অনুযায়ী	সংখ্যা	১টি
৬	মেজারমেন্ট টেপ	প্রয়োজন অনুযায়ী	সংখ্যা	১টি

শিখনফল (Learning Outcome) -২: গার্মেন্টসের অপারেশন ব্রেকডাউন ব্যাখ্যা করতে পারবেন।

অ্যাসেসমেন্ট মানদণ্ড	<ol style="list-style-type: none"> ১. স্যাম্পল অনুযায়ী গার্মেন্টসের মূল অংশগুলো শনাক্ত করা হয়েছে ২. গার্মেন্টস অপারেশন ব্রেকডাউন ব্যাখ্যা করা হয়েছে ৩. স্যাম্পল অনুযায়ী অ্যাসেম্বলিং পার্টগুলোর তালিকা প্রস্তুত করা হয়েছে
শর্ত ও রিসোর্স	<ol style="list-style-type: none"> ১. সিবিএলএম ২. কনজিউমএবল ম্যাটেরিয়াল ৩. স্যাম্পল/গার্মেন্টস
বিষয়বস্তু(Contents)	<ol style="list-style-type: none"> ১. গার্মেন্টসের মূল অংশগুলো শনাক্ত ২. অপারেশন ব্রেকডাউন ৩. অ্যাসেম্বলিং পার্ট
প্রশিক্ষণ পদ্ধতি	<ol style="list-style-type: none"> ১. প্রেজেন্টেশন ২. লেকচার ৩. ডিসকাশন
অ্যাসেসমেন্ট পদ্ধতি	<p>বাস্তব কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ প্রতিষ্ঠানে এনএসডিএ কর্তৃক সনদপ্রাপ্ত/মনোনিত অ্যাসেসর দ্বারা নিম্নলিখিত পদ্ধতিতে অ্যাসেসমেন্ট সম্পাদিত হবে-</p> <ol style="list-style-type: none"> ১. লিখিত অভিক্ষা (Written Test) ২. প্রদর্শন (Demonstration) ৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning)

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)-২. গার্মেন্টসের অপারেশন ব্রেকডাউন ব্যাখ্যা করতে পারবেন।

এই শিখনফল অর্জনের লক্ষে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রম গুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রম গুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

শিখন কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশ (Resources / Special instructions)
১. প্রশিক্ষার্থীগণ কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে।	১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের গার্মেন্টসের অপারেশন ব্রেকডাউন ব্যাখ্যা করতে পারা শেখার উপকরণ প্রদান করবেন।
২. ইনফরমেশন শিট পড়তে হবে।	২. ইনফরমেশন শিট-২: গার্মেন্টস অপারেশন ব্রেকডাউন ব্যাখ্যা করা হয়েছে।
৩. সেলফ চেক প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেলফ চেক শিট-২ এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র-২ এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন।
৪. ৪. জব / টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন।	৪. নিম্নোক্ত জব / টাস্ক শিট অনুযায়ী জব / টাস্ক সম্পাদন করুন। জব শিট ২.১ : গার্মেন্টসের মূল অংশগুলো শনাক্ত করুন জব শিট ২.২ : অপারেশন ব্রেকডাউন করুন জব শিট ৩.৩ : অ্যাসেম্বলিং পার্ট লিখুন






ইনফরমেশন শিট (Information Sheet)- ২ গার্মেন্টসের অপারেশন ব্রেকডাউন ব্যাখ্যা করতে পারা




শিখন উদ্দেশ্য (Learning Outcome) : এই ইনফরমেশন শিট পড়ে শিক্ষার্থীগণ-

- ২.১ স্যাম্পল অনুযায়ী গার্মেন্টসের মূল অংশগুলো শনাক্ত করতে পারবে।
- ২.২ গার্মেন্টস অপারেশন ব্রেকডাউন ব্যাখ্যা করতে পারবে।
- ২.৩ স্যাম্পল অনুযায়ী অ্যাসেম্বলিং পার্টগুলোর তালিকা প্রস্তুত করতে পারবে।

২.১ গার্মেন্টসের মূল অংশগুলো শনাক্ত









নিম্নে একটি গার্মেন্টস এর মূল অংশগুলো শনাক্ত করার জন্য প্রত্যেকটি অংশের চিত্রসহ ব্যাখ্যা দেয়া হল-





ক্রমিক নং	শার্টের অংশের নাম	চিত্র
ক	ব্যাক পার্ট : এটি একটি গার্মেন্ট/পোশাকের জন্য এক টুকরার প্রয়োজন হয়। এর সাথে ইয়কের অংশ জোড়া দিয়ে একটি পূর্ণাঙ্গ ব্যাক পার্টে রূপান্তরিত করা হয়।	
খ	ফ্রন্ট পার্ট : এটি একটি গার্মেন্ট/পোশাকের জন্য দুই টুকরার প্রয়োজন হয়। এর একটি আপার ফ্রন্ট এবং অন্যটি লোয়ার ফ্রন্ট হিসেবে ব্যবহৃত হয়। আপার ফ্রন্টের উপর পকেট এটাচ করা হয়।	
গ	স্লিভ পার্ট : এটি একটি গার্মেন্ট/পোশাকের জন্য দুই টুকরার প্রয়োজন হয়। এর একটি ডান হাতা এবং অপরটি বাম হাতা হিসেবে ব্যবহৃত হয়। একটি লংস্লিভ শার্টের উভয় হাতার নিম্নভাগে পেছনের দিকে স্লিভ প্লাকেট লাগানো হয়।	
ঘ	ইয়ক পার্ট : দুই টুকরা ইয়ক এর একটি আপার ইয়ক এবং অপরটি লোয়ার ইয়ক হিসেবে ব্যবহৃত হয়। এটি শার্টের ব্যাক পার্টের উপরের দিকে সেলাইয়ের সাহায্যে সংযুক্ত করা হয়। এই ইয়কের সাথে শার্টের প্রতিটি অংশ সংযুক্ত হয় বিধায় এই ইয়ককে শার্টের জংশন বলা হয়।	
ঙ	কলার পার্ট : এটি একটি গার্মেন্ট/পোশাকের জন্য দুই টুকরার প্রয়োজন হয়। এর একটি কলারের উপরের অংশ এবং অপরটি কলারের নিচের অংশ হিসেবে ব্যবহৃত হয়। কলার সুন্দর ও মজবুত করার জন্য এর ভেতরে ইন্টারলাইনিং ব্যবহার করা হয়।	

চ	কলার ব্যান্ড পার্ট : দুই টুকরা কলার ব্যান্ড এর একটি কলার ব্যান্ডের উপরের অংশ এবং অপরটি কলার ব্যান্ডের নিচের অংশ হিসেবে ব্যবহৃত হয়। কলার ব্যান্ড সুন্দর ও মজবুত করার জন্য এর ভেতরে ইন্টারলাইনিং ব্যবহার করা হয়।	
ছ	কাফ পার্ট : এটি একটি গার্মেন্ট/পোশাকের জন্য দুই অথবা চার টুকরার প্রয়োজন হয়। এর দুইটি কাফ এর উপরের অংশ এবং অপর দুইটি কাফ এর নিচের অংশ হিসেবে ব্যবহৃত হয়। কাফ সুন্দর ও মজবুত করার জন্য এর ভেতরে ইন্টারলাইনিং ব্যবহার করা হয়।	
জ	পকেট পার্ট : এটি একটি গার্মেন্ট/পোশাকের জন্য এক অথবা দুই টুকরার প্রয়োজন হয় (ক্রেতার চাহিদা অনুযায়ী)। এ অংশটি শার্টের ফ্রন্টের উপর সেলাইয়ের মাধ্যমে অ্যাটাচ করা হয়।	

২.২ অপারেশন ব্রেকডাউন

নিম্নে একটি শার্টের অ্যাসেম্বলিং পার্ট এর অপারেশন ব্রেকডাউন ব্যাখ্যা করা হল-

জয়েন্ট / অ্যাটাচ সোল্ডার (রাইট অ্যান্ড লেপ্ট)	সিংগেল নিডেল লকস্টিচ মেশিন	
টপস্টিচ অন সোল্ডার	সিংগেল নিডেল, নিডেল ফিড লক স্টিচ মেশিন	
অ্যাটাচ প্লিড উইথ বডি (রাইট অ্যান্ড লেপ্ট)	ওভারলক/ সিংগেল নিডেল লকস্টিচ মেশিন	
সিউ সাইডসীম (রাইট অ্যান্ড লেপ্ট)	ওভারলক+ সিংগেল নিডেল লকস্টিচ মেশিন/ফিড অফ দি আর্ম মেশিন	
অ্যাটাচ কাফ উইথ প্লিড (রাইট অ্যান্ড লেপ্ট)	সিংগেল নিডেল, নিডেল ফিড লক স্টিচ মেশিন	
অ্যাটাচ কলার উইথ বডি	সিংগেল নিডেল, নিডেল ফিড লক স্টিচ মেশিন	
সিউ কলার ক্রোসড সীম	সিংগেল নিডেল, নিডেল ফিড লক স্টিচ মেশিন	
বুলিং/হেমিং বটম	সিংগেল নিডেল লকস্টিচ মেশিন	









মার্ক বাটন হোল পজিশন	পেন্সিল অ্যান্ড মেজরিং টেপ	
মেইক/সিউ হোল	বাটন হোল সুইং মেশিন	
মার্ক বাটন পজিশন	পেন্সিল / চক	
অ্যাটাচ বাটন	বাটন অ্যাটাচ মেশিন	

২.৩ অ্যাসেম্বলিং পার্ট:

নিম্নে একটি শার্টের কম্পোনেন্টস এর অপারেশন ব্রেকডাউন ব্যাখ্যা করা হল-

অপারেশনের নাম	মেশিনের নাম	চিত্র
ফিউজড কলার টপ পার্ট	আয়রন/ফিউজিং মেশিন	
মার্ক কলার (প্রয়োজনে)	পেন্সিল অ্যান্ড ফিনিশড প্যাটার্ন	
রানস্টিচ কলার	সিংগেল নিডেল লকস্টিচ মেশিন	
ট্রিম কলার এজ	সিজার/এজ ট্রিমার মেশিন	
টার্ন কলার	ম্যানুয়াল/টার্নিং মেশিন	
প্রেস কলার	ম্যানুয়াল/মেশিন	
টপ স্টিচ কলার	সিংগেল নিডেল, নিডেল ফিড লক স্টিচ মেশিন	
কাট কলার বটম	ম্যানুয়াল/মেশিন	
বুলিং কলার ব্যান্ড	সিংগেল নিডেল লকস্টিচ মেশিন	
অ্যাটাচ কলার উইথ কলার ব্যান্ড	সিংগেল নিডেল লকস্টিচ মেশিন	
ট্রিম এজ কলার	সিজার/এজ ট্রিমার মেশিন	

